বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

১৬-১০-২০২২ তারিখে বিজিএফসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি” সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২য় (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন তরফদার<br>উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১৬ অক্টোবর, ২০২২ |
| সভার সময় | ১০:০০ ঘটিকা |
| স্থান | আহবায়কের কার্যালয়। |
| উপস্থিতি | কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য(তালিকা সংযুক্ত - পতাকা-ক)। |

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহবায়ক ও উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড)-দক্ষিণ মোঃ জাকির হোসেন তরফদার এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্যদের অংশগ্রহণে ১৬-১০-২০২২ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় আহবায়কের কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০ আলোচনা:

১.১। সভার শুরুতে সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ বিষয়ক ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর জন্য পুনর্গঠিত কমিটির নতুন সদস্যের সেবা প্রদান প্রতিশ্রুতির গুরুত্ব সম্পর্কে অবহিত করার জন্য সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, গণখাতে সংস্কারের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ অর্জনের অন্যতম প্রয়াস হিসেবে সুশাসন সংহতকরণে উদ্ভাবনী কর্মসংস্কৃতির বিকাশ ও নানাবিধ সংস্কারের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রবর্তন করা হয়। তিনি আরো উল্লেখ করেন যে, সুশাসন প্রতিষ্ঠার জন্য সরকারের গৃহিত ৫টি টুলস্ এর মধ্যে “সেবা প্রদান প্রতিশ্রুতি” একটি অন্যতম টুলস্। কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যেও সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হলো নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ‘সবার আগে নাগরিক’ এ মূলমন্ত্রকে কেন্দ্র করে নাগরিক সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে সেবা প্রদান প্রতিশ্রুতি এর গুরুত্ব অপরিসীম।

১.২। অতপর কমিটির সদস্য-সচিব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকের ১.১-১.৪ এবং ২.১-২.২ অনুচ্ছেদসমূহ আলোচনা করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে কমিটি পুনর্গঠন করা, ওয়েব সাইটে আপলোড করা, সভা আয়োজন করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা সম্পর্কে আলোচনা করা হয়। কমিটির সদস্য-সচিব আরো উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উল্লিখিত অনুচ্ছেদসমূহে বর্ণিত সভা, সভার কার্যবিবরণী প্রস্তুত, বাস্তবায় নপ্রতিবেদন প্রস্তুত এবং এ সকল বিষয়ের প্রমাণক প্রস্তুত করে প্রস্তুতকৃত প্রমাণকসমূহ যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

১.৩। কোম্পানির প্রধান কার্যালয়ের মেইনগেটের সামনে দৃশ্যমান স্থানে স্থাপিত সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডটি বৃষ্টিতে নষ্ট হয়ে যাওয়ায় নতুন করে বোর্ড তৈরি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। লোহার পাইপ দিয়ে পিলার এবং এ্যাংগেল বার দিয়ে ফ্রেম তৈরি করে বোর্ডটি (১০ ফুট × ৮ ফুট ফ্রেমের) স্থাপন করার জন্য কমিটির আহবায়ক পরামর্শ প্রদান করেন। এ ক্ষেত্রে সরেজমিনে জায়গাটি পরিদর্শনপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য কমিটির সদস্যরা মত ব্যক্ত করেন।

১.৪। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ বিষয়ে ২০২২-২৩ অর্থ বছরের মোট ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করার নির্দেশনা রয়েছে। এ বিষয়টি সভায় আলোচনা করা হয়। এ প্রশিক্ষণে কর্মকর্তাদের পাশাপাশি কর্মচারীদেরকে অন্তর্ভূক্ত করার জন্য কমিটির সদস্যরা মতামত ব্যক্ত করেন। প্রধান কার্যালয় ও তিতাস ফিল্ড ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অক্টোবর/নভেম্বর'২০২২ সময়ে ১ম প্রশিক্ষণ এবং ব্রাহ্মণবাড়িয়ার বাইরে অবস্থিত অন্য যে কোনো ফিল্ডের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে জানুয়ারী/ফেব্রুয়ারি'২০২৩ সময়ে ২য় প্রশিক্ষণের আয়োজন করার জন্য সভায় সকলে মতামত প্রদান করেন।

১.৫। অংশীজনের সাথে ২টি সভা আয়োজন করার বিষয়টি সভায় আলোচনা করা হয়। নভেম্বর/ডিসেম্বর'২০২২ সময়ে অংশীজনের সাথে ১ম সভা আয়োজন করার বিষয়ে কমিটির সদস্যরা মতামত প্রদান করেন। অংশীজনের সাথে সভা আয়োজন করার জন্য তিতাস ফিল্ডে প্রকল্পের কাজে নিয়োজিত ঠিকাদারদের মধ্যে দুইজন ঠিকাদারকে অংশীজন হিসেবে নিমন্ত্রণ করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১.৬। মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ীদপ্তর/সংস্থা/আওতাধীন স্থাপনার সমন্বয়ে সভা আয়োজন করার জন্য অনুচ্ছেদ-১.৩ এ ২টি সভা আয়োজন করার বিষয় বর্ণিত থাকলেও মন্ত্রিপরিষদ বিভাগের পত্র স্মারক নম্বর-০৪.০০.০০০০.৮১১.৯৯.০০১.১৭.২৩৭ তারিখ ০৩-১০-২০২২, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র স্মারক নম্বর- ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.২১৯২ তারিখ ০৬-১০-২০২২ এবং প্রেট্রোবাংলার পত্র স্মারক নম্বর- ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৮৮ তারিখ ১৬-১০-২০২২ অনুযায়ী ৪টি সভা

অয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, ১ম ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর'২০২২) প্রথম সমন্বয় সভা আয়োজন করা হয়েছিল। কোম্পানির স্টোর ডিপার্টমেন্ট এবং তিতাস ফিল্ডের ফায়ার এন্ড সেইফটি শাখার সমন্বয়ে নভেম্বর'২০২২ এর প্রথম সপ্তাহে ২য় সমন্বয় সভা আয়োজন করার জন্য কমিটির সদস্যরা মতামত প্রদান করেন।

১.৭। কোম্পানির বিদ্যমান সিটিজেন চার্টারটি নিয়মিত হালনাগাদ করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**২.০ সিদ্ধান্ত :**

২.১। কোম্পানির প্রধান কার্যালয়ের মেইন গেটের সামনে দৃশ্যমান স্থানে নতুন করে ১০ ফুট × ৮ ফুট ফ্রেমের বোর্ড তৈরি করে সংক্ষিপ্তভাবে সিটিজেন চার্টার স্থাপন করা;


২.২। কোম্পানির প্রধান কার্যালয় ও তিতাস ফিল্ড ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অক্টোবর/নভেম্বর'২০২২ সময়ে ১ম প্রশিক্ষণ আয়োজন করা;

২.৩। তিতাস ফিল্ডে প্রকল্পের কাজে নিয়োজিত ঠিকাদারদের মধ্যে দুইজন ঠিকাদারকে অংশীজন হিসেবে নিমন্ত্রণ করে নভেম্বর/ডিসেম্বর'২০২২ সময়ে অংশীজনের সাথে ১ম সভা আয়োজন করা;

২.৪। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, কোম্পানির স্টোর ডিপার্টমেন্ট এবং তিতাস ফিল্ডের ফায়ার এন্ড সেইফটি শাখার সমন্বয়ে নভেম্বর'২০২২ এর প্রথম সপ্তাহে ২য় সমন্বয় সভা আয়োজন করা;

২.৫। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন তরফদার
উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১৩

তারিখ: ৪ কার্তিক ১৪২৯
২০ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, আহবায়ক ও টিম লিডার, এপিএ টিম,

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক (অনুসন্ধান), ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) ব্যবস্থাপক, প্লান্ট মেইনটেন্যান্স শাখা(তিতাস ফিল্ড), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৪) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, সদস্য, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, সদস্য, সিটিজেন চার্টার কমিটি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড



মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-
সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ
কমিটি, বিজিএফসিএল।